

সম্প্রতি করোনা ভাইরাস রোধে সতর্কতামূলক পদক্ষেপ হিসেবে হ্যান্ড স্যানিটাইজার তৈরি করার কাজ সফলভাবে সম্পন্ন করেছে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের আওতাধীন রাষ্ট্রায়ত্ত্ব কেন্দ্র এন্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড। ‘কেন্দ্র হ্যান্ড স্যানিটাইজার নামে এই জীবাণুনাশক বাজারজাত করা হবে।

বিশ্বব্যাপী মহামারি করোনাভাইরাসের প্রাদুর্ভাবে চাহিদা বেড়েছে হ্যান্ড স্যানিটাইজারের। ল্যাবরেটরি পরীক্ষায় দেখা গেছে, কেন্দ্র উৎপাদিত হ্যান্ড স্যানিটাইজার ৯৯ দশমিক ৯৯ শতাংশ জীবাণু ধ্বংস করতে সক্ষম। এর উপাদান হিসেবে (৬০-৭০% ঝড়ৎরঃ, এম্পুবৎরহব, উরৎঃরষষবফ ডখঃবৎ ্ ঙ্গড়ষড়ৎ) ব্যবহার করা হয়। ইতোমধ্যে চুয়াডাঙ্গার স্থানীয় প্রশাসন ও কেন্দ্র কোম্পানি (বাংলাদেশ) লিমিটেডের শ্রমিক-কর্মচারীদের মধ্যে এটি বিতরণ করা হয়েছে। দেশের বিভিন্ন জায়গায় ১৩টি বিপণন কেন্দ্র, শিল্প মন্ত্রণালয় এবং চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের সদর দপ্তর, কেন্দ্র বিপণন কেন্দ্র ও গেন্ডারিয়ায় অবস্থিত কেন্দ্র গুডাউন সামনে এ স্যানিটাইজার পাওয়া যাবে। এছাড়া, মহামারি করোনা ভাইরাসের বিস্তার রোধে নিজেদের প্রস্তুত করা হ্যান্ড স্যানিটাইজার চাহিদার ভিত্তিতে বিভিন্ন প্রতিষ্ঠানকে এটি সরবরাহ করা হবে। প্রতি ১০০ মিলিলিটার বোতলের স্যানিটাইজারের সর্বোচ্চ খুচরা মূল্য হবে ৬০ টাকা। উল্লেখ্য, কেন্দ্র এন্ড কোম্পানি(বাংলাদেশ) লিমিটেড চুয়াডাঙ্গা জেলার দর্শনায় অবস্থিত বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অধিভুক্ত একটি প্রতিষ্ঠান। ১৯৩৮ সালে স্থাপিত এ কারখানাটি উন্নতমানের স্পিরিট উৎপাদন করে আসছে।

বিশ্বে করোনা ভাইরাসের বিস্তার এবং এর প্রভাবে বাংলাদেশও এখন স্বাস্থ্য ঝুঁকিতে পড়েছে। এই অবস্থায় বাজারে হ্যান্ড স্যানিটাইজারের স্বল্পতা এবং মূল্য বৃদ্ধি পাওয়ায় কেন্দ্র এ- কোং সর্বসাধারণের জন্য এই হ্যান্ড স্যানিটাইজার উৎপাদন করছে। শিল্প মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়, প্রতিমন্ত্রী মহোদয়, শিল্প সচিব মহোদয় এবং বিএসএফআইসি’র চেয়ারম্যান মহোদয় এ ব্যাপারে সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছেন।